

২৪ জানুয়ারি অবসর ভাতা প্রদান কর্মসূচী
বেসরকারী শিক্ষক কর্মচারীদের
এককালীন অবসর
সুবিধা প্রদানের সিদ্ধান্ত

টাক রিপোর্টার ॥ পেনশনের বিকল্প হিসাবে দেশের প্রায় আড়াই লাখ বেসরকারী শিক্ষক কর্মচারীকে এককালীন অবসর সুবিধা প্রদানের সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে। আগামী ২৪ জানুয়ারি প্রধানমন্ত্রী বেগম ফারুকা জিহা অবসর ভাতা প্রদান কর্মসূচী উদ্বোধন করবেন। এম পাশাপাশি বেসরকারী শিক্ষক কর্মচারীদের কম্যাণ ট্রাস্ট থেকে অর্থিক সুবিধা প্রদান অব্যাহত থাকবে। অবসর সুবিধার ক্ষেত্রে চাকরির পূর্ণমেয়াদ শেষে একজন অধিক পাবেন দুই লাখ ৬৭ হাজার টাকা, একজন প্রধান শিক্ষক পাবেন এক লাখ ৫০ হাজার টাকা, একজন সহকারী অধ্যাপক পাবেন এক লাখ ৮০ হাজার টাকা এবং একজন কর্মচারী পাবেন প্রায় পঞ্চাশ হাজার টাকা। শিক্ষক কর্মচারী একাজেট নেতৃত্বক পেনশনের বিকল্প হিসাবে অবসর সুবিধা প্রদানের সিদ্ধান্ত নেয়ায় সরকারকে অভিনন্দন জানিয়েছেন। ভোটেব প্রধান সমন্বয়কারী প্রফেসর এন শবীফুল ইসলাম, সমন্বয়কারী সেলিম হুইমা, স্লোটনেত্রী অধ্যক্ষ মাজহারুল হান্নান, মাওলানা এমএ লতিফ, আখতার বাজেক, পৃথিবী আলম প্রমুখ এই ধন্যবাদ জানান। তাঁরা বলেন, অবসর সুবিধা ভাতাকে কম্যাণ ট্রাস্টের সঙ্গে মিলিয়ে ফেলে শিক্ষক কর্মচারীদের নিকরত কসং যে চরমও শুরু হয়েছিল তা সরকারের এই উদ্যোগের ফলে বেড়ে যাবে।